

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১২১

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪০. দাওয়াত প্রসঙ্গে

بَابِ فِي الدَّعْوَةِ

আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّتَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعٍ عَنْ الْدَّاعِيَ إِذَا دُعِيتُمْ قَالَ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَجِيبُوا الدَّاعِيَ إِذَا دُعِيتُمْ قَالَ وَكَانَ عَبْدُ اللَّهِ يَأْتِيهَا وَهُوَ صَائِمٌ وَكَانَ عَبْدُ اللَّهِ يَأْتِيهَا وَهُوَ صَائِمٌ

বাংলা

২১২১. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "তোমরা আহবানকারীর আহবানে সাড়া দাও, যখন তোমাদের আহবান করা হয়।" তিনি (রাবী) বলেন, ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বিবাহের দাওয়াতে এবং বিবাহ ব্যতীত অন্যান্য দাওয়াতেও শরীক হতেন; এমনকিও তিনি রোযা অবস্থায় থাকলেও দাওয়াতে আসতেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, নিকাহ ৫১৭৩; মুসলিম, নিকাহ ১৪২৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিবানে নং ৫২৯৪ তে। এছাড়াও, তাহাবী, মুশকিলিল আছার ৪/১৪৭; বাইহাকী, সিদারু ৭/২৬১; বাগাবী, শারহুস সুন্নাহ নং ২৩১৪; ইবনু আব্দুল বারর, তামহীদ ১/২৭৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82404



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন